57

দৈনিক বাংলা

তারিখ 31 AUG 1996
পৃষ্ঠা 7 কলাম ৫

# অনুমোদন ছাড়া চিকিৎসা শিক্ষা কোর্স পরিচালনা শাস্তিযোগ্য অপরাধ

**স্টাফ রিপোর্টার ঃ** বাংলাদেশ মেডিক্যাল এন্ড ডেন্টাল কাউন্সিলের অনুমোদন ছাড়া চিকিৎসা শিক্ষা কোর্স পরিচালনা বা এই সংক্রান্ত কোন ডিগ্রী, ডিপ্লোমা লাইসেন্স প্রদান নিষিদ্ধ এবং এ ধরনের কার্যক্রম শাস্তিযোগ্য অপরাধ। গতরাতে এক সরকারী তথ্য বিবরণীতে সংশ্লিষ্ট সকলকে এ বিষয়ে পুনরায় অবহিত করা হয়।

তথ্য বিবরণীতে আরও বলা হয়, বেশ কিছু বেসরকারী ব্যক্তি এবং সংস্থা সরকারের এবং বাংলাদেশ মেডিক্যাল এন্ড ডেন্টাল কাউন্সিলের পূর্ব অনুমতি ছাড়া বেসরকারী উদ্যোগে মেডিক্যাল/ডেন্টাল কলেজ/চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের মাধ্যমে চিকিৎসাবিষয়ক শিক্ষা কার্যক্রম চালু করেছেন বা পরিচালনা করছেন এবং পত্রপত্রিকাসহ বিভিন্ন প্রচার মাধ্যমে ছাত্র/ছাত্রী ভর্তির বিজ্ঞাপন দিয়েছেন বা দিচ্ছেন, যা ১৯৮০ সালের বাংলাদেশ মেডিক্যাল এন্ড ডেন্টাল কাউন্সিল আইনের (১৯৮০ সালের ১৬ নং আইন) পরিপন্থী।

আইনের বিধান মতে বাংলাদেশ মেডিক্যাল এন্ড ডেন্টাল কাউন্সিলের

(৮–এর পৃঃ ৬–এর কঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর)

## অনুমোদন ছাড়া

অনুমোদন ছাড়া চিকিৎসা শিক্ষা কোর্স বা প্রশিক্ষণ পরিচালনা করা এবং এতদসংক্রান্ত কোনরূপ ডিগ্রী, ডিপ্লোমা, লাইসেন্স বা সনদপত্র প্রদান করা নিষিদ্ধ এবং এ ধরনের কার্যক্রম শাস্তিযোগ্য অপরাধ। ঐরূপ অপরাধের ক্ষেত্রে ২ (দুই) বছর পর্যন্ত কারাদন্ড এবং জরিমানার বিধান রয়েছে। এমতাবস্থায় উক্ত আইনের বিধান লংঘন করে কেউ যাতে চিকিৎসা শিক্ষা সংক্রান্ত কোর্স চালু/পরিচালনা এবং এতদসংক্রান্ত কোনরূপ ডিগ্রী, ডিপ্লোমা, লাইসেন্স অথবা সনদপত্র প্রদান না করেন তজ্জন্য সংশ্লিষ্ট সকলকে কঠোরভাবে সতর্ক করা যাচ্ছে।

ইতিপূর্বেও বিভিন্ন সময়ে বাংলাদেশ মেডিক্যাল এন্ড ডেন্টাল কাউন্সিলের পক্ষ থেকে সংবাদপত্রে বিজ্ঞপ্তির মাধ্যমে এ ধরনের অনভিপ্রেত ও অবৈধ কার্যকলাপ থেকে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে সতর্ক করে দেয়া হয়েছিল। তা সত্ত্বেও এ ধরনের কার্যকলাপ অব্যাহত রয়েছে, যা জনস্বার্থে অবিলম্বে বন্ধ হওয়া উচিত।

সরকারী অনুমোদন ও স্বীকৃতিবিহীন এসকল চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়ে কেউ যাতে প্রতারিত না হন সে ব্যাপারেও সকলকে সতর্ক করা যাচ্ছে। এসকল শিক্ষা প্রতিষ্ঠানে কেউ ভর্তি হয়ে থাকলে বা হলে তিনি নিজ দায়িত্বে ভর্তি হবেন এবং তার কোনরূপ দায়-দায়িত্ব থাকবে না। এসব অননুমোদিত প্রতিষ্ঠানের মাধ্যমে লব্ধ কোনরূপ ডিগ্রী/ডিপ্লোমা/লাইসেন্স/সনদপত্রকে সরকার কোনরূপ স্বীকৃতি প্রদান করবে না এবং সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ বাংলাদেশ মেডিক্যাল এন্ড ডেন্টাল কাউন্সিলের রেজিস্ট্রেশন লাভের যোগ্য বিবেচিত হবেন না।

তথ্য বিবরণীতে কেউ বেসরকারী চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানের সঠিক সরকারী স্বীকৃতি বা অনুমোদনের বিষয়ে অবহিত হতে ইচ্ছুক হলে তাকে স্বাস্থ্য অধিদফতর বা বাংলাদেশ মেডিক্যাল এন্ড ডেন্টাল কাউন্সিলের সঙ্গে যোগাযোগ করতে পরামর্শ দেয়া হয়েছে।